



তথ্যবিবরণী

নম্বর- ১২২

রাজশাহীতে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপিত

রাজশাহী; ২৪ অগ্রহায়ণ (০৯ ডিসেম্বর):

রাজশাহীতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে আজ সোমবার (০৯ ডিসেম্বর) সকালে রাজশাহী দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে রাজশাহী জেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবযোগদানকৃত বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় খোন্দকার আজিম আহমেদ বলেন, আজকের দিবসের প্রতিপাদ্য হচ্ছে দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা: গড়বে আগামীর শুদ্ধতা। প্রতিপাদ্যে কয়েকটি বিষয় আছে মন্তব্য করে তিনি বলেন, প্রথমটি হলো 'দুর্নীতির বিরুদ্ধে' তারপর 'তারুণ্যের একতা' আরেকটি হচ্ছে 'গড়বে আগামীর শুদ্ধতা'। শুধু দুর্নীতির বিরোধীতাই আমরা বলি তা না, দুর্নীতিকে আমরা নির্মূল করতে চাই, প্রতিরোধ করতে চাই। আমরা যদি না করি তো করবে কারা? দুর্নীতির বিরুদ্ধে আমাদেরকেই ঐক্যবদ্ধ হতে হবে।

এসময় ছাত্র-ছাত্রীদের সাথে সম্মিলিতভাবে দুর্নীতিবিরোধী স্লোগান দেন বিভাগীয় কমিশনার। দুর্নীতির বিরুদ্ধে তরুণদেরকে এক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, "বিভেদ না একতা, একতা একতা"। দুর্নীতিকে প্রতিরোধ করার বিষয়ে তিনি স্লোগান দেন "বিরোধীতা না প্রতিরোধ, প্রতিরোধ প্রতিরোধ"। দুর্নীতিকে নির্মূল করে শুদ্ধতা অর্জনের প্রত্যয় ব্যক্ত করে ছাত্র-ছাত্রীদের সাথে স্লোগান দেন "দুর্নীতি না শুদ্ধতা, শুদ্ধতা শুদ্ধতা"।

বিশেষ অতিথির বক্তৃতায় জেলা প্রশাসক আফিয়া আখতার বলেন, দুর্নীতির মূল কারণ হচ্ছে নৈতিকতাশূন্য কাজ, নৈতিকতাশূন্য বিবেক। তিনি বলেন, শুধু দুর্নীতি দমন করলেই হবে না কারণ দমন করলে তার বীজ থেকে যাবে, তাই দুর্নীতি নির্মূল করতে হবে। দুর্নীতিবাজদের আমরা আর প্রশংসা করতে চাই না উল্লেখ করে জেলা প্রশাসক বলেন, দুর্নীতি কী, কেন হচ্ছে, কোথায় হচ্ছে এবং কারা এই দুর্নীতিকে পৃষ্ঠপোষকতা করছে তা উদ্ঘাটন করতে হবে।

রাজশাহী দুদকের পরিচালক মো. কামরুল আহসান এর সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মো. আলমগীর রহমান, পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, অতিরিক্ত পুলিশ সুপার হেলেনা আক্তার, মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মো. এহসানুল হুদা এবং সচেতন নাগরিক কমিটি(সনাক) এর সভাপতি ড. সিদ্ধার্থ শংকর তালুকদার প্রমুখ।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে প্রধান অতিথি ও অন্যান্য অতিথিবৃন্দ বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটির শুভ উদ্বোধন করেন।

.....
তৌহিদ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৫:১০ ঘ.